# ককরোচ পার্টির বিক্ষোভে উত্তাল দিল্লি, ইন্টারনেট সেবা বন্ধ




সংগৃহীত ছবি

ভারতের রাজধানী দিল্লিতে সংসদ ভবনমুখী ককরোচ জনতা পার্টির বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশ লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস ব্যবহার করেছে বলে অভিযোগ উঠেছে। একই সঙ্গে সংসদ ভবন-সংলগ্ন এলাকায় ইন্টারনেট সেবা বন্ধ রাখা হয়েছে বলেও দাবি করেছেন আন্দোলনকারীরা।

সোমবার (২০ জুলাই) সংসদের বর্ষাকালীন অধিবেশনের প্রথম দিনে যন্তর মন্তর থেকে সংসদ ভবনের দিকে মিছিল নিয়ে যাওয়ার চেষ্টা করেন বিক্ষোভকারীরা। তবে আগে থেকেই অনুমতি না থাকায় পুলিশ তাদের বাধা দিলে উভয় পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ ও র‌্যাপিড অ্যাকশন ফোর্স (র‌্যাফ) মোতায়েন করা হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ও ছবিতে দেখা যায়, পুলিশের বাধার মুখে অনেক বিক্ষোভকারী সড়কে বসে অবস্থান নেন। পরে কয়েকজনকে আটক করে পুলিশ। এদিকে সংসদ ভবনের নিরাপত্তাও জোরদার করা হয়েছে।

LENS ASIA

বিক্ষোভকারীদের অভিযোগ, আন্দোলনের ছবি ও ভিডিও ছড়িয়ে পড়া ঠেকাতে সংসদ ভবন এলাকার ইন্টারনেট সংযোগ সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। সিগন্যাল জ্যামার ব্যবহারের কারণেও মোবাইল নেটওয়ার্ক ব্যাহত হয়েছে বলে তারা দাবি করেন। তবে এ অভিযোগের বিষয়ে স্বাধীনভাবে কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি।